

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২১, ২০২০

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,
সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক
জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।

বিজ্ঞপ্তি

তারিখ: ২৮ মাঘ ১৪২৬/১১ ফেব্রুয়ারি ২০২০

নং ০৫.৪৭.৯৩৪৭.০০০.০৫.০৩৪.১২.১২৭—যেহেতু টাঙ্গাইল জেলাধীন কালিহাতি উপজেলার ১০ নং কোকডহরা ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য জনাব মজনু মিয়া, পিতা: মোঃ আনছার আলী, গ্রাম: বাড্ডা, ডাকঘর: কোকডহরা, উপজেলা: কালিহাতি, জেলা: টাঙ্গাইল গত ১১-০১-২০২০ তারিখে সকাল ৬:০০ ঘটিকায় ডায়াবেটিকস রোগে আক্রান্ত হইয়া মৃত্যুবরণ করেছেন (ইন্সলিগ্নাহে.....রাজিউন) সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৩৫ ধারার ১(ঙ) উপধারা অনুসারে উক্ত পদটি শূন্য হয়েছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৩৫ ধারার ১(ঙ) উপধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি শামীম আরা নিপা, উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল এই মর্মে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ১০নং কোকডহরা ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ আসনের পদটি ১২-০১-২০২০ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

শামীম আরা নিপা
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নিরসিংদী সদর, নরসিংদী।

বিজ্ঞপ্তি

তারিখ: ০৬ জানুয়ারি ২০২০ খ্রিঃ

নং ০৫.৩০.৬৮.৬০.০০১.০৭.০০১.২০-০৮—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন নরসিংদী সদর উপজেলার করিমপুর ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ হারিছ মিয়া, পিতা-মৃত হাজী মিন্নত আলী, মাতা-মৃত বানেছা বেগম, গ্রাম : শ্রীনগর, পোঃ পঞ্চবটি, উপজেলা-নরসিংদী সদর, নরসিংদী বিগত ০১-০১-২০১৯ খ্রিঃ তারিখ হৃদরোগে আক্রান্ত হয়ে তার নিজ বাড়িতে ইন্তেকাল করেছেন (ইন্সলিগ্নাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) সংশোধন আইন, ২০১০ এর ধারা ৩৫ (ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি এ, এইচ, এম জামেরী হাসান, উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী উক্ত ০১-০১-২০২০ খ্রিঃ তারিখ হতে নরসিংদী জেলাধীন নরসিংদী সদর উপজেলার করিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

এ, এইচ, এম জামেরী হাসান
উপজেলা নির্বাহী অফিসার।

(৩২৫)

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাশিয়ানী, গোপালগঞ্জ।

বিজ্ঞপ্তি

তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

নং ০৫.৩০.৩৫৪৩.০০২.০১.০১৮.১৫-১০৫—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩৫(১) এর উপ-ধারা (ঙ) সংঘটিত হওয়ায় একই আইনের ৩৫(২) ধারা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (পদত্যাগ, অসদাচরণ ও পদশূন্য) বিধিমালা, ১৯৮৪ এর ১৩ বিধির প্রদত্ত ক্ষমতাবলে আমি মিন্টু বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), কাশিয়ানী, গোপালগঞ্জ এ মর্মে বিজ্ঞপ্তি জারি করছি যে, গোপালগঞ্জ জেলাধীন কাশিয়ানী উপজেলার ১১ নং সিংগা ইউনিয়ন পরিষদের নির্বাচিত ০১ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব জয়গোপাল বিশ্বাস, পিং-মৃত সহাদেব বিশ্বাস, সাং-সিংগা, ইউনিয়ন-সিংগা, ডাকঘর-সিংগা, উপজেলা-কাশিয়ানী, জেলা-গোপালগঞ্জ বিগত ১২ জানুয়ারি, ২০২০ খ্রি: (২৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ) তারিখ রোজ রবিবার মৃত্যুবরণ করেছেন।

এমতাবস্থায়, ১২ জানুয়ারি, ২০২০ খ্রিঃ (২৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ) তারিখ রোজ রবিবার হতে কাশিয়ানী উপজেলার ১১ নং সিংগা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মিন্টু বিশ্বাস

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও

সহকারী কমিশনার (ভূমি)।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

প্রজ্ঞাপন

তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২০

নং ০৫.৪২.১২০৪.০০০.০১.০০২.১৮-১১৫—আমি মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার, উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলাধীন ১৩ নং মানিকপুর ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য জনাব আবদুল বাতেন, পিতা মৃত-মোঃ নজর আলী, গ্রাম-বাহেরচর, ডাকঘর-বাহেরচর, উপজেলা-বাঞ্ছারামপুর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া গত ২৬ জানুয়ারি ২০২০ তারিখ ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি..... রাজিউন)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারার ক্ষমতাবলে আমি মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার, উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া ২৬ জানুয়ারি ২০২০ তারিখ হতে ১৩ নং মানিকপুর ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিলেট সদর, সদর।

বিজ্ঞপ্তি

তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২০

নং ০৫.৪৬.৯১৬২.০০০.০৭.০১০.১-১৯.১১২—যেহেতু সিলেট জেলার সিলেট সদর উপজেলাধীন ০৩ নং খাদিমনগর ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ওয়ার্ড নং ০১ (সাধারণ ১,২,৩) নং আসনের নির্বাচিত মহিলা সদস্য জনাব বুকিয়া বেগম, পিতা-মোঃ মদরিছ আলী, গ্রাম-লাখাউরা, পোঃ লাখাউরা, থানা-এয়ারপোর্ট, উপজেলা-সিলেট সদর, জেলা-সিলেট গত ০১-০১-২০২০ইং তারিখ ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহী ওয়া ইন্না ইলাইহী রাজিউন)। সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) এবং ৩৫ (২) ধারার বিধান বলে প্রদত্ত ক্ষমতাবলে আমি নিম্ন স্বাক্ষরকারী কাজী মহুয়া মমতাজ, উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে সিলেট সদর উপজেলাধীন ০৩ নং খাদিমনগর ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ওয়ার্ড নং ০১ (সাধারণ ১, ২ ও ৩) আসনের পদটি সদস্যের মৃত্যুবরণের তারিখ ০১-০১-২০২০ ইং হতে শূন্য ঘোষণা করলাম।

কাজী মহুয়া মমতাজ
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলছিটি, ঝালকাঠি।

বিজ্ঞপ্তি

তারিখ : ০৭ মাঘ ১৪২৬/২১ জানুয়ারি ২০২০

নং ০৫.১০.৪২৭৩.০০২.০৫.০০৬.১৯-৬৬—ঝালকাঠি জেলার নলছিটি উপজেলাধীন ০৪ নং রানাপাশা ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ডের নির্বাচিত ইউপি সদস্য জনাব মোঃ মনিরুজ্জামান, পিতা মৃত আব্দুল গনি ফকির, গ্রাম : কপালভেড়া, ডাকঘর : হদুয়া, উপজেলা-নলছিটি, জেলা-ঝালকাঠি ২০-০২-২০১৯ তারিখ হতে বিনা অনুমতিতে দেশ ত্যাগ করে পরিষদে অনুপস্থিত থাকায় পদটি উক্ত তারিখ হতে শূন্য হওয়ায় আমি বুম্পা সিকদার, উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(খ) উপধারা ক্ষমতাবলে নলছিটি উপজেলাধীন ০৪নং ওয়ার্ডের রানাপাশা ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

বুম্পা সিকদার
উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা

বিজ্ঞপ্তি

তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২০

নং ০৫.৪৪.১৮৩১.০০০.৯৭.০০১.২০.১৬৩—এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের ০৯ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য রুহুল আমিন, পিতা-মৃত আব্দুল বারী, গ্রাম-সাড়াবাড়ীয়া, ইউনিয়ন-পারকৃষ্ণপুর-মদনা, উপজেলা-দামুড়হুদা, জেলা-চুয়াডাঙ্গা গত ২৯-০১-২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৫-৩০ ঘটিকার সময় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেছেন (ইন্সলিগ্নািহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের ০৯ নং ওয়ার্ডের নির্বাচিত উক্ত সদস্যের মৃত্যুর কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(ঙ) ও ৩৫(২) উপ-ধারা প্রদত্ত ক্ষমতাবলে আমি এস. এম. মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা অত্র উপজেলার ৫নং পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য পদটি গত ২৯-০১-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

এস. এম. মুনিম লিংকন
উপজেলা নির্বাহী অফিসার।